



ঘূর্ণিঝড় বুলবুলের কারণে আগামী ১২ নভেম্বরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা পেছানো হয়েছে।

১২ নভেম্বরের জেএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৪ নভেম্বর সকাল ১০টায়। আর জেডিসি পরীক্ষা হবে ১৫ নভেম্বর সকাল ৯টায়।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক ও মাদ্রাসা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান কায়সার আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক বলেন, কিছু শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষা নেওয়ার জন্য উপযোগী না হওয়ায় পরীক্ষার তারিখ পেছানো হয়েছে।

এর আগে শনিবারের জেএসসি ও জেডিসি পরীক্ষা পেছানো হয়। শনিবারের জেএসসির গণিত পরীক্ষা হওয়ার কথা ছিল ১২ নভেম্বর। সেটি আবার পুনর্নির্ধারণ করা হয়েছে ১৪ নভেম্বর।

শনিবারের জেডিসি পরীক্ষাটির তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে ১৪ নভেম্বর।